# ৭ কলেজকে 'বিশ্ববিদ্যালয় সমকক্ষ' কাঠামোর রূপরেখা দিতে কমিটি

অর্থনৈতিক বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭ কলেজের জন্য বিশ্ববিদ্যালয়ের সমকক্ষ একটি স্বতন্ত্র প্রাতিষ্ঠানিক কাঠামোর রূপরেখা প্রণয়নে চার সদস্যের উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যানকে চার সদস্যের এই কমিটির প্রধান করা হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার উপসচিব মো. শাহীনুর ইসলাম জানিয়েছেন।

কমিটির সদস্যরা হলেন- শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য ও ইউজিসি সদস্য অধ্যাপক তানজিমউদ্দিন খান। উপসচিব শাহীনুর ইসলাম বলেন, 'উচ্চপর্যায়ের এ বিশেষজ্ঞ কমিটি আগামী চারমাসের মধ্যে নির্ধারিত কাজ শেষ করবে।'

কমিটি গঠনের আদেশে বলা হয়েছে, ইউজিসির উপরে এ কমিটির সাচিবিক দায়িত্ব ন্যস্ত থাকবে। তাছাড়া প্রয়োজন অনুযায়ী উচ্চশিক্ষার প্রশাসনিক অভিজ্ঞতা সম্পন্ন বিশেষজ্ঞকে কমিটিতে সদস্য হিসেবে সংযোজন করতে পারবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা ঢাকা কলেজসহ রাজধানীর ৭টি সরকারি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয় ২০১৭ সালের ১৬ ফেব্রুয়ারি। অন্য কলেজগুলো হল- ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাংলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ। অধিভুক্তির ফলে এসব কলেজে ভর্তি পরীক্ষা, পাঠ্যসূচি ও পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পরিচালিত হয়ে আসছে।

ক্ষমতায় পালাবদলের পর এই ৭ কলেজের শিক্ষার্থীরা এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে বেরিয়ে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবিতে আন্দোলন করছেন। আনন্দোলকারী শিক্ষার্থীরা বলেছেন, 'স্বতন্ত্র প্রাতিষ্ঠানিক পরিচয়হীনতায় ভুগছে ৭ কলেজ শিক্ষার্থীরা। তারা নিজেদের পরিচয় দিতে গিয়ে নানান সমস্যার সম্মুখীন হয়ে থাকেন।'

পরে শিক্ষা মন্ত্রণালয় শিক্ষার্থীদের দাবি যাচাইয়ে একটি কমিটি গঠন করে। কিন্তু শিক্ষার্থীরা তাতেও আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। ৬ নভেম্বর শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদের আশ্বাসে শিক্ষার্থীদের চলমান আন্দোলন আপাতত স্থগিত করা হয়। এর মধ্যে নভেম্বর মাসে সরকারি তিতুমীর কলেজকে বিশ্ববিদ্যালয় রূপান্তরের দাবিতে মহাখালীতে সড়ক ও রেলপথ আটকে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা।

ওই সময়ই শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেছিলেন কলেজগুলোকে একটি আলাদা প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার পরিকল্পনা চলছে। তিনি বলেছিলেন, 'আমরা একটি বিশেষজ্ঞ কমিটি অতি শিগগিরই করতে যাচ্ছি। এই কলেজগুলো একত্রিত একটা প্রাতিষ্ঠানিক রূপ পেলে, কলেজগুলোকে কীভাবে আরও উৎসাহিত করা যায়, তাদের সুযোগ-সুবিধা, অবকাঠামো কীভাবে আরও বাড়ানো যায়, সমন্বিত প্রাতিষ্ঠানিক রূপ কীভাবে দেয়া যায়, সেটার নাম তোমাদের (শিক্ষার্থীদের) সবার সঙ্গে আলোচনা করেই দেয়া হবে।'

কমিটির কার্যপরিধির বিষয়ে বলা হয়েছে, ২০১৭ সালে ৭ কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করার ফলে উদ্ভূত সমস্যাগুলোর নিয়ে চলতি বছরের ২৪ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ের গঠিত কমিটির মতামত ও সংগৃহীত তথ্য পর্যালোচনা করা। ৭ কলেজের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি বাতিল করে কলেজগুলোর স্বতন্ত্র সত্তা বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের সমকক্ষ প্রাতিষ্ঠানিক একটি কাঠামোতে রূপান্তরের প্রক্রিয়া

➤ পৃষ্ঠা : ২ ক : ১

12/31/24, 9:33 AM sangbad_epaper_1735584998.jpg (234×279)

# ৭ কলেজকে

(১২ পৃষ্ঠার পর)

বিকল্পগুলো বিবেচনা। প্রাতিষ্ঠানিক কাঠামোর জন্য প্রয়োজনীয় খসড়া সংবিধি প্রণয়ন। কমিটির সুপারিশে এইচএসসি থেকে মাস্টার্স পর্যন্ত শিক্ষার মানোন্নয়নকে সর্বোপরি প্রধান লক্ষ্য হিসাবে বিবেচনা করা। কমিটি তার কার্যক্রম নিয়ে সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখবে এবং ছাত্র-শিক্ষক প্রতিনিধি ও অন্যান্য অংশীজনকে সম্পৃক্ত করবে বলেও আদেশে বলা হয়েছে।

https://epaper.sangbad.net.bd/images/2024/December/31Dec24/sliced_images/sangbad_epaper_1735584998.jpg 1/1